

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 06-02-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (1) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ওণগত শিক্ষার প্রসারের লক্ষ্যে রাজ্যে প্রাথমিকস্তর থেকেই উদ্বাবনী শিক্ষাদানের উপর ওরুঞ্চ আরোপ করা হয়েছে।
- (2) রাজ্যে আগামীকাল 'স্কিল-উদয় তংবাই' কর্মসূচির সূচনা হবে।
- (3) প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদী আজ জোর দিয়ে বলেছেন যে তাঁর সরকারের উন্নয়নের মডেল হল 'দেশ প্রথমে, যা তৃষ্ণিকরণের উপর নয় বরং সম্পৃষ্টির উপর নজর দেয়।
- (4) ৩৮তম জাতীয় গেমসের শেষ খবর পাওয়া পর্যন্ত ৩০টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তালিকার শীর্ষে রয়েছে।

\*\*\*\*\*

**TLM Competition Cum Exhibition-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ওণগত শিক্ষার প্রসারের লক্ষ্যে রাজ্যে প্রাথমিকস্তর থেকেই উদ্বাবনী শিক্ষাদানের উপর ওরুঞ্চ আরোপ করা হয়েছে। জাতীয় শিক্ষানীতি অনুসরণ করে প্রাথমিক স্তরের প্রায় ৭০ হাজার ছাত্রছাত্রীদের মৌলিক শিক্ষা সুনিশ্চিত করতে নিরলসভাবে কাজ করছে নিপুণ ত্রিপুরা। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক শিক্ষক শিক্ষণ সহায়ক উপকরণ প্রদর্শনী ও প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, নিপুণ মিশনের কর্মসূচির অঙ্গ হিসেবে টিচিং লার্নিং মেটেরিয়ালের ওরুঞ্চ অপরিসীম। যা

বাস্তবায়নের মূল দায়িত্ব বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের উপর।  
নিপুন ত্রিপুরার লক্ষ্য হচ্ছে ৩ থেকে ৭ বছর বয়সী শিশুদের  
মধ্যে শিক্ষার মূল ভিত্তি ও মৌলিক দক্ষতা গড়ে তোলা।

# # # # # # # # Byte-CM# # # # # # #

এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন জেলার শিক্ষক-  
শিক্ষিকাদের পরিচালিত টিএলএম প্রদর্শনী স্টলগুলি পরিদর্শন  
করেন।

\*\*\*\*\*

### **Skill-Uday Tangnai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল নরসিংগড়ুস্থিত  
ত্রিপুরা ইনসিটিউট অব টেকনোলজিতে এক অনুষ্ঠানে 'স্কিল-  
উদয় তংনাই' কর্মসূচির সূচনা করবেন। শিল্প ও বাণিজ্য মন্ত্রী  
সান্তানা চাকমা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে  
জানান, 'স্কিল-উদয় তংনাই' নামটি ইংরেজী, বাংলা ও ককবরক  
ভাষার সমন্বয়ে তৈরি করা হয়েছে। এই দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে  
রাজ্যের স্কুল ও কলেজ স্তরের ৮০ হাজার ছাত্রছাত্রীকে প্রশিক্ষণ  
দেওয়া হবে।

\*\*\*\*\*

### **National Law University :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আইনি শিক্ষা ও  
গবেষণায় অন্যতম কেন্দ্র হিসেবে রাজ্যকে গড়ে তুলতে চেষ্টা  
করছে সরকার। আজ নরসিংগড়ে পুরাণো টিআইটি প্রতিষ্ঠানের  
জায়গায় জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর  
স্থাপন ও ভূমি পূজা অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন,  
এই বিশ্ববিদ্যালয়টিকে দেশের অন্যতম সেরা হিসেবে গড়ে তুলতে  
রাজ্য সরকার সব ধরনের সহযোগিতা করবে। ত্রিপুরা হাইকোর্টের

প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং বলেন, জাতীয় আইন বিশ্ববিদ্যালয় রাজ্যে দারুণভাবে কাজ শুরু করেছে। বেঙ্গালুরু, দিল্লির মতো দেশের অন্যতম ভাল আইনি প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠছে এই রাজ্যের আইন বিশ্ববিদ্যালয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি সব্যসাচী পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত, ত্রিপুরার জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ যোগেশ প্রতাপ সিং, বিশ্ববিদ্যালয়ের নিয়ামক নচিকেতা মিত্র প্রমুখ।

\*\*\*\*\*

### **Opposition Leader :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাক্ষম বিধানসভা এলাকার পোয়াংবাড়ি লকের পূর্ব টাঙ্কা এডিসি ভিলেজ, শ্রীনগর সামাজিক স্বাস্থ্যকেন্দ্র ও পোয়াংবাড়ি এলাকায় বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের টাকায় নির্মিত বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন। বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের টাকায় শ্রীনগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে রোগীদের পরিজনদের বিশ্রামাগার, পূর্ব টাঙ্কা এডিসি ভিলেজের কাপতলি, মেরু পাড়া ও পোয়াংবাড়িতে বেকার শেড তৈরি করা হবে বলে জানান বিরোধী দলনেতা।

\*\*\*\*\*

### **Jal Jeevan Mission :**

ভারত সরকারের জল জীবন মিশনের কর্মধারা গোটা দেশের সঙ্গে উনকোটি জেলাতেও চলছে। পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের উনকোটি জেলার ত্বাবধায়ক বাস্তুকার সঞ্চয় পাল জানান, জেলাতে মোট ৫৩ হাজার ৬১৩টি বাড়িতে নলের মাধ্যমে জলের সংযোগের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এখন পর্যন্ত ৪৭ হাজার ৫৩০টি বাড়িতে নলের মাধ্যমে পানীয় জল পৌঁছে দেওয়া হয়েছে। এক্ষেত্রে সাফল্যের হার ৮৮ দশমিক ছয় পাঁচ শতাংশ।

জল জীবন মিশনের আওতায় বাড়িতে নলের মাধ্যমে পানীয় জলের সংযোগ পেয়ে খুশি কৈলাশহরের গৌরনগর ব্লক এলাকার বাসিন্দা আজহার আলী।

# # # # # Byte-Azhar Ali# # # # #

\*\*\*\*\*

### **Business Conclave :**

শিল্প ও বাণিজ দপ্তরের উদ্যোগে দুইদিনব্যাপী বিজনেস কনক্লেভ-২০২৫ আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। কনক্লেভের থিম হলো ডেস্টিনেশন ত্রিপুরা-ল্যান্ড অব অপরচুনিটিজ। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তানা চাকমা এই সংবাদ জানান। তিনি জানান, এই কনক্লেভ দেশের ১০০-এর বেশি শিল্পপতি অংশ নেবেন। দুদিনব্যাপী এই বিজনেস কনক্লেভ তথ্য প্রযুক্তি, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা, পর্যটন এবং স্কিল ডেভেলপমেন্টের মতো ক্ষেত্রগুলির উপর বিশেষভাবে আলোকপাত করা হবে। এই বিজনেস কনক্লেভ আয়োজনের মুখ্য উদ্দেশ্য হচ্ছে উত্তর-পূর্ব ভারতে বিনিয়োগের মূল গন্তব্য হিসাবে ত্রিপুরার সম্ভাবনাকে তুলে ধরা। পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, স্থানীয় শিল্পকে উৎসাহ দান, রাজ্যের প্রাকৃতিক সম্পদ সহ রাজ্য সরকারের শিল্প বান্ধব বীতি সমূহ বিনিয়োগকারীদের কাছে তুলে ধরা। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ৮ই ফেব্রুয়ারি এই বিজনেস কনক্লেভ উপস্থিতি থাকবেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte# # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জোর দিয়ে বলেছেন যে তাঁর সরকারের উন্নয়নের মডেল হল 'দেশ প্রথমে', যা তৃষ্ণিকরণের উপর নয় বরং সক্ষমতার উপর নজর দেয়। তিনি বলেন যে মানুষ এই মডেলটি পরীক্ষা করেছে, বুঝতে পেরেছে এবং সমর্থন করেছে এবং তাই তৃতীয়বারের মতো তাঁর সরকারকে জনাদেশ দিয়েছে। সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি প্রৌপনী মুর্মুরি ভাষণের উপর রাজসভায় ধন্যবাদ প্রস্তাবের জবাব দেওয়ার সময় প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি কংগ্রেসের বিরুদ্ধে প্রতারণা, তোষণ এবং স্বজনপ্রীতির মডেল অনুসরণ করার অভিযোগ করেন। তিনি বলেন, তাঁর সরকার দক্ষতা উন্নয়ন, আর্থিক অন্তর্ভুক্তি এবং শিল্পায়নকে অগ্রাধিকার দিয়েছে। তিনি বলেন, যে তাঁর সরকার তফশিলী উপজাতি এবং তফসিলি জাতি-ভিত্তিক আইনগুলিকে শক্তিশালী করেছে। শ্রী মোদী দিব্যাঙ্গদের কল্যাণের জন্য সরকারের প্রচেষ্টার কথাও বলেন। তিনি আরও বলেন যে তাঁর সরকার ট্রানজেন্ডার সম্প্রদায়ের জন্য আইনি অধিকার নিশ্চিত করেছে। তিনি বলেন যে ওবিসি কমিশনকে

সাংবিধানিক মর্যাদা দেওয়ার জন্য ওবিসি সম্প্রদায়ের দীর্ঘদিনের দাবি সরকার পূরণ করেছে।

# ##### Byte-PM#####

\*\*\*\*\*

### **Rajib Bhattacharjee :**

সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন রাষ্ট্রপতির ভাষনের মাধ্যমে বিকশিত ভারতের নকশা জনগণের সামনে তুলে ধরা হয়েছে। আজ রাজসভায় রাষ্ট্রপতির ভাষনের উপর ধন্যবাদ সূচক প্রস্তাব রাখতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী ভট্টাচার্য বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সব কা সাথ সবকা বিকাশের স্বপ্ন ভাষনে তুলে ধরা হয়েছে। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা থেকে শুরু করে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে নতুন নতুন প্রকল্প নিয়ে এসে নাগরিকদের স্বনির্ভর করে তুলছে। তিনি বলেন উত্তর পূর্বাঞ্চলকে প্রধানমন্ত্রী বিশ্বের দরবারে তুলে ধরেছেন।

# ##### Byte-Rajib Bhattacharya#####

\*\*\*\*\*

### **Mahakumbh :**

এবার মহাকুলের থবর।

# ##### Sound Byte#####

প্রয়াগরাজের মহাকুলে আজ জনজাতি সাংস্কৃতিক সমাগম ২০২৫-এর অধীনে জনজাতি যুব কুলের আয়োজন করা হয়েছে। যুব কুলে সারা দেশ থেকে আট হাজারেরও বেশি জনজাতি যুবক অংশ নিজেন। বীরসা মুড়ার ১৫০তম জন্মবার্ষিকী স্মরণে ২০২৫ সালকে জনজাতীয় গৌরব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। এই উদ্যাপনের অংশ হিসেবে, মহাকুলে পাঁচ দিনের জনজাতি

সাংস্কৃতিক সমাগম আয়োজন করা হয়েছে। যুব কুষ্টের সমাবেশে ভাষণে কেন্দ্রীয় উপজাতি বিষয়ক প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে যুব সমাজকে সামাজিক সম্প্রীতির দিকে কাজ করার এবং দেশকে স্বাবলম্বী করার আহ্বান জানান। অনুষ্ঠানে জনজাতি যুবকরা জনজাতিদের সংস্কৃতি ও প্রতিহ্য রক্ষার শপথ নেন। যুব মহাকুষ্টে জনজাতি সম্প্রদায়ের জন্য উল্লেখযোগ্য কাজ করেছেন বিভিন্ন রাজ্যের এমন ২৫ জন যুবককে পুরস্কৃত করা হবে।

# # # # # Sound Byte # # # # #

\*\*\*\*\*

### **GB Hospital :**

৮ মাসের শিশুর শ্বাসনালীতে জটিল অঙ্গোপচার করে সাফল্য পেলেন জিবি হাসপাতালের ই.এন.টি বিভাগের চিকিৎসকরা। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জি বি হাসপাতালের ইএনটি বিভাগের প্রধান ডাঃ বিল্ব নাথ জানান, গোমতী জেলার নতুন বাজারে একটি শিশুর শ্বাসনালীতে ৪ মিলিমিটারের একটি ধাতব পদার্থ আটকে যায়। গত ৬ই আগস্ট তাকে জিবি হাসপাতালে আনা হলে জটিল অঙ্গোপচারের মধ্য দিয়ে ধাতব পদার্থটি বের করা হয়।

\*\*\*\*\*

### **Health Camp :**

কুমারঘাটের পাবিয়াছড়া কলোনী দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আজ মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস। শিবিরে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়।

\*\*\*\*\*

### **Disaster Management :**

বন্যা ও ভূমিকম্পের মত প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলার বিষয়ে আজ সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে এক সচেতামূলক আলোচনা সভা ও মহড়া অনুষ্ঠিত হয়। স্থানীয় রিজার্ভ পুরুর সংলগ্ন বীর মেমোরিয়াল পার্কে আলোচনা সভা শেষে রিজার্ভ পুরুরে হয় মহড়া। উপস্থিত ছিলেন সোনামুড়ার মহকুমা শাসক মহেন্দ্র কল্পে চাকমা, স্কুল ছাত্রছাত্রী, সিভিল ডিফেন্স ভলেন্টিয়ার, আপদামিত্র, রেডক্রস সোসাইটি সহ বিভিন্ন সামাজিক সংস্থার সদস্যগণ।

\*\*\*\*\*

### **National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ২১৫টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৩০টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তালিকার শীর্ষে রয়েছে। ২৪টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পের্টস কল্টোল বোর্ড দ্বিতীয় স্থানে এবং ১৯টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে উঠে এসেছে।

এদিকে, ফুটবলের পুরুষ বিভাগের ফাইনালে কেরালা ও উত্তরাখণ্ড পরস্পরের মুখোমুখি হবে। সেমিফাইনালে কেরালা ৩-২ গোলে আসামকে এবং উত্তরাখণ্ড পেনাল্টি শুটে ৬-৫ গোলে দিল্লিকে প্রাপ্তি করে। হকিতে মহিলা বিভাগে হরিয়ানা ৮-০ গোলে কর্ণাটককে, মহারাষ্ট্র ৩-০ গোলে উত্তরাখণ্ডকে হারায়। মিজোরাম ও মণিপুরের খেলা ২-২ গোলে ড্র হয়। পুরুষ বিভাগে ওড়িশা ১-০ গোলে মধ্যপ্রদেশকে, মহারাষ্ট্র ২-১ গোলে তামিলনাড়ুকে এবং হরিয়ানা ৮-৪ গোলে উত্তরাখণ্ডকে প্রাপ্তি করে। বঙ্গ-এ অলিম্পিয়ান লাভলিনা বরগোঁহাই সহ প্রথম রাউন্ডে জয় পায় তারকা বক্সারনা।

\*\*\*\*\*

### **Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনুর্ব ১৫  
বছরের ক্রিকেট প্রতিযোগিতায় আজ চারটি খেলা হয়।  
নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে জিবি প্লে সেন্টার ৪০ রানে মডার্ণ  
ক্রিকেট একাডেমিকে, নেপকো মাঠে শতদল সংঘ কোচিং সেন্টার  
৬ রানে কর্ণেল কোচিং সেন্টারকে, নোয়াবাদী মাঠে মৌচাক  
কোচিং সেন্টার ২৯৯ রানে স্লাডমাউথ ক্লাবকে এবং আশ্বেদকর  
মাঠ প্রগতি ১৩১ রানে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে  
প্রারজিত করে।

\*\*\*\*\*